# মুয়াত্তা মালিক

## হাদিস নাম্বারঃ ১৭৬১

৫০. বদনজর সংক্রান্ত অধ্যায় (كتاب العين)

পরিচ্ছেদঃ ৭. রোগী দেখিতে যাওয়া ও অশুভ লক্ষণ প্রসঙ্গ

بَاب عِيَادَةِ الْمَرِيضِ وَالطِّيَرَةِ

আরবী

حَدَّثَنِي عَنْ مَالِك أَنَّهُ بَلَغَهُ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِذَا عَادَ الرَّجُلُ الْمَرِيضَ خَاضَ الرَّحْمَةَ حَتَّى إِذَا قَعَدَ عِنْدَهُ قَرَّتْ فِيهِ أَوْ نَحْوَ هَذَا

বাংলা

রেওয়ায়ত ১৭. জাবির ইবন আবদুল্লাহ (রাঃ)-এর বর্ণনা, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলিয়াছেন, তোমাদের মধ্যে যখন কেহ রোগী দেখিতে যায়, তখন সে আল্লাহর রহমতের মধ্যে ঢুকিয়া পড়ে। অতঃপর যখন সে সেখানে বসে, তখন সেই রহমত তাহার ভিতরে অবস্থান করে কিংবা এই রকমই কিছু তিনি বলিয়াছেন।[1]

## English

Yahya related to me from Malik that he had heard from Jabir ibn Abdullah that the Messenger of Allah, may Allah bless him and grant him peace, said, "When a man visits an invalid, he plunges into mercy to the extent that when he sits with him, it settles in him," or the like of that.

ফুটনোট

[1] এখানে বর্ণনাকারীর সন্দেহ হইয়াছে যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি বলিয়াছিলেন, “তখন সেই রহমত তাহার ভিতরে অবস্থান করে" বলিয়াছিলেন কিংবা এই জাতীয় বা এই অর্থজ্ঞাপক অন্য কোন বাক্য। এই কথায় কোন সন্দেহ নাই যে, রোগী দেখিতে যাওয়া, রোগীর অবস্থাদি জিজ্ঞাসা করা, রোগীকে সান্তনা দান করা, তাহার কাছে দোয়ার প্রার্থী হওয়া ইত্যাদি অধিক সওয়াবের কাজ।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74658

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন